# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

অধ্যায়-৩ ও ৪

পাঠ পরিকল্পনা-৮

ক্লাস-০১

অধ্যায়-৩ঃ উৎপাদন, উৎপাদন আয় ও ব্যয়

আলোচ্য সুচিঃ

- উৎপাদন, উৎপাদনের বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ
- উৎপাদন অপেক্ষক
- উৎপাদনের উপকরণ
- মোট উৎপাদন, প্রান্তিক উৎপাদন ও গড় উৎপাদন
- ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি ও বিধিটি কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | উৎপাদন কী?<br>উৎপাদন অপেক্ষক কী?<br>স্বল্পকালীন ও দীর্ঘকালীন উৎপাদন অপেক্ষক কী?<br>মোট, গড় ও প্রান্তিক উৎপাদন কী?/ বলতে কী বোঝায়? |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | মোট, গড় ও প্রান্তিক উৎপাদন নির্ণয়, চিত্র।<br>ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি ও এর কার্যকারিতা |

শিখনফলঃ

- উৎপাদনের ধারণা অর্জন
- ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি চিত্র সহ ব্যাখ্যা করতে পারবে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

অধ্যায়-৩ ও ৪

পাঠ পরিকল্পনা-৮

ক্লাস-০১

অধ্যায়-৪

আলোচ্য সুচিঃ

- মাত্রাগত উৎপাদন ও প্রকারভেদ
- উৎপাদন ব্যয়, স্বল্পকালীন ও দীর্ঘকালীন উৎপাদন ব্যয়
- স্থির ব্যয়, পরিবর্তনশীল ব্যয়
- গড় ব্যয়, প্রান্তিক ব্যয়, এদের সম্পর্ক
- মোট আয়, গড় আয় ও প্রান্তিক আয়

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | মাত্রাগত উৎপাদন কী?<br>মাত্রাগত উৎপাদনের প্রকারভেদ গুলোর সংজ্ঞা<br>উৎপাদন ব্যয় কী?<br>স্বল্প কালনি ও দীর্ঘকালীন উৎপাদন ব্যয় কাকে বলে?<br>স্থির ব্যয় (TFC,AFC) কাকে বলে?<br>TFC, AFC নির্ণয় সূত্র।<br>পরিবর্তনশীল ব্যয় (TVC, AVC) কাকে বলে?<br>গড় ব্যয়, প্রান্তিক ব্যয় কাকে বলে?<br>AC ও MC এর সূত্র রেখার আকৃতির কারণ<br>গড় আয়, প্রান্তিক আয় ও মোট আয় কাকে বলে?<br>AR, MR ও TR নির্ণয় সূত্র |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | মাত্রাগত উৎপাদন বিধির প্রকারভেদ গুলোর চিত্রসহ ব্যাখ্যা<br>TFC, TVC, AVC, AFC রেখা অংকন ও এগুলোর আকৃতির কারণ<br>AC ও MC এর সম্পর্ক ব্যাখ্যা<br>AC, MC, TC, TFC, TFC, AVC নির্ণয় করে সুচিতে স্থাপন |

শিখনফলঃ

- মাত্রাগত উৎপাদন বিধি চিত্রসহ ব্যাখ্য করতে পারবে
- বিভিন্ন ধরনের ব্যয় সমূহ সূত্রের মাধ্যমে নির্ণয় করতে পারবে, চিত্র অংকন করে ব্যাখ্যা করতে পারবে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি **১**ম পত্র

অধ্যায়-৪ঃ বাজার

পাঠ পরিকল্পনা-০৮

ক্লাস-০৩

আলোচ্য সুচিঃ

- বাজার ধারণা
- বাজারের শ্রেণিবিভাগ
- আয়তন ও সময় অনুসারে বাাজারের শ্রেনিবিভাগ আলোচনা।

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | বাজার কী?<br>স্থানীয় বাজার কী/বলতে কী বোঝ?<br>জাতীয় বাজার কী?<br>আন্তর্জাতিক বাজার কী?<br>একাইভাবে সময় অনুসারে বাজারের ধরণগুলির সংজ্ঞা |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | বাজারের শ্রেণিবিভাগ সমূহের বৈশিষ্ট্য |

শিখনফলঃ

- বাজার সম্পর্কে ধারনা লাভ করতে পারবে।
- বাজারের ধরণ চিহ্নিত করতে পারবে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

অধ্যায়-৪ঃ বাজার

পাঠ পরিকল্পনা-০৮

ক্লাস-০৪

আলোচ্য সুচিঃ

- প্রতিযোগিতা অনুসারে বাজারের শ্রেণিবিভাগ
- পূর্ন প্রতিযোগিতা মুলক বাজারের বৈশিষ্ট্য
- একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | পূর্ন প্রতিযোগিতামুলক বাজার কাকে বলে?<br>একচেটিয়া বাজার কী?<br>পূর্ন প্রতিযোগিতামূলক বাজারে ফার্ম দাম গ্রহীতা<br>একচেটিয়া বাজারে ফার্ম দাম সৃষ্টিকারী<br>একচেটিয়া বাজারে ফার্মের চাহিদা রেখা হলো গড় আয় রেখা ব্যাখ্যা কর। |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | একচেটিয়া ও পূর্ন প্রতিযোগিতামুলক বাজারের বৈশিষ্ট্য |

শিখনফলঃ

- পূর্ন প্রতিযোগিতা ও একচেটিয়া বাজার সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে
- অপূর্ন প্রতিযোগিতা সম্পর্কে জ্ঞান লাভ

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি **১**ম পত্র

অধ্যায়-৪ঃ বাজার

পাঠ পরিকল্পনা-০৮

ক্লাস-০৫

আলোচ্য সুচিঃ

- অলিগোপলি বাজার
- মনোপসনি বাজার
- ডুয়োপাল বাজার
- দ্বিপাক্ষিক একচেটিয়া বাজার
- একচেটিয়া প্রতিযোগিতামুলক বাজার
- ডুয়োপসনি বাজার

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | অলিগোপালি/ডুয়োপসনি/মনোপসি/ডুয়োপলি দ্বিপাক্ষিক একচেটিয়া বাজার/ একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার কী? বলতে কি বোঝায়? |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | একচেটিয়া প্রতিযোগিতা বাজারের বৈশিষ্ট্য |

শিখনফলঃ

- বিভিন্ন ধরনের অপূর্ন প্রতিযোগিতামুলক বাজার সম্পর্কে ধারনা অর্জন

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

অধ্যায়-৪ঃ বাজার

পাঠ পরিকল্পনা-০৮

ক্লাস-০৬

আলোচ্য সুচিঃ

- ফার্ম ও শিল্পের পার্থক্য
- মুনাফা সর্বোচ্চ করণ শর্তাবলি
- পূর্ন প্রতিযোগিতামুলক বাজারে ফার্মের স্বল্পকালীন ভারসাম্য

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | ফার্ম কি?<br>শিল্প কি?<br>মুনাফা, সর্বোচ্চ করণের ২টি শর্ত<br>পূর্ন প্রতিযোগিতা মূলক বাজারে দীর্ঘকালে ফার্ম স্বাভাবিক মুনাফা অর্জন করে- ব্যাখ্যা কর। |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | পূর্ন প্রতিযোগিতামুলক বাজারে স্বল্পকালীন ভারসাম্য |

শিখনফলঃ

- চিত্রের সাহায্যে স্বল্পকালীন ভারসাম্য ব্যাখ্যা করতে পারবে
- ফার্ম ও শিল্পের ধারনা লাভ
- পূর্ন প্রতিযোগিতা মুলক বাজারে মোট আয়, মোট ব্যয় ও মুনাফা নির্নয় করতে পারবে

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

অধ্যায়-৪ঃ বাজার

পাঠ পরিকল্পনা-০৮

ক্লাস-০৭

আলোচ্য সুচিঃ

- একচেটিয়া বাজার ফার্মের স্বল্পকালীন ভারসাম্য

| | |
|---|---|
| জ্ঞানমূলক<br>অনুধাবনমূলক | একচেটিয়া বাজারে ফার্মের স্বাভাবিক মুনাফা ও অস্বাভাবিক মুনাফা অর্জন কী? |
| প্রয়োগ<br>উচ্চতর দক্ষতা | একচেটিয়া বাজারে কীভাবে ভারসাম্য দাম ও উৎপাদনের পরিমাণ নির্ধারিত হয়?<br>একচেটিয়া বাজারে স্বাভাবিক, অস্বাভাবিক ও লোকসান পরিস্থিতি বিশ্লেষন। |

শিখনফলঃ

- চিত্রের মাধ্যমে একচেটিয়া বাজারের ভারসাম্য ব্যাখ্যা করতে পারবে


# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০১




ক. ডুয়োপসনি বাজার কি? ১

খ. একচেটিয়া কারবারী কিভাবে দামের উপর প্রভাব বিস্তার করে? ২

গ. উদ্দীপকে ভারসাম্য বিন্দু নির্ধারণ করে মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে AC রেখা F বিন্দু দিয়ে অতিক্রম করলে মুনাফার ক্ষেত্রে নতুন পরিস্থিতিটি উল্লেখপূর্বক ফার্মের উৎপাদন সিদ্ধান্তটি বিশ্লেষন কর। ৪

**১নং প্রশ্নের উত্তরঃ (ক)**

যে বাজারে ক্রেতার সংখ্যা মাত্র ২ জন কিন্তু বিক্রেতা অসংখ্য থাকে

**১নং প্রশ্নের উত্তরঃ (খ)**

যে বাজারে একজন মাত্র বিক্রেতা কোনো দ্রব্যের সম্পুর্ন যোগান নিয়ন্ত্রন করে এবং দ্রব্যটির কোনো নিকট বিকল্প দ্রব্য থাকে না তাকে একচেটিয়া বাজার বলে।


একচেটিয়া কারবারে ফার্মকে দাম সৃষ্টিকারী বলে। প্রতিযোগী ফার্মের প্রবেশ অধিকার না থাকায় পন্যের যোগানের উপর ঐ ফার্মের পূর্ন নিয়ন্ত্রন বজায় থাকে। তাই একটি ফার্ম পন্যের দামের উপর একক প্রভাব বিস্তার করতে পারে। প্রয়োজনে দাম বাড়াতে বা কমাতে পারে। দাম নির্ধারনে ক্রেতার কোনো ভূমিকা নেই দাম বাড়িয়ে ক্রেতাকে অধিক পরিমানে ক্রয় করতে বাধ্য করতে না পারলেও দাম কমিয়ে অধিক ক্রয়ে উৎসাহিত করতে পারে।

**১নং প্রশ্নের উত্তরঃ (গ)**

যে উৎপাদনে ফার্মের মুনাফা সর্বোচ্চ হয় সে উৎপাদন বিন্দুকে ফার্মের ভারসাম্য বিন্দু বলে।

ভারসাম্য বিন্দুতে সর্বদাই ২টি শর্ত পালিত হয়।

- এ পর্যায়ে মুনাফা সর্বোচ্চ করণের ২টি শর্ত প্রয়োজনীয় শর্ত ও পর্যাপ্ত শর্ত লিখতে হবে।




চিত্রে C বিন্দুতে ভারসাম্যের প্রয়োজনীয় এবং পর্যাপ্ত শর্ত পালিত হয়েছে। কারণ C বিন্দুতে ফার্মের MR=MC এবং MR রেখার ঢাল >MC রেখার ঢাল।

এক্ষেত্রে ভারসাম্য দাম ২০ এবং ভারসাম্য পরিমাণ ৫০ একক হলে-

মুনাফা = মোট আয়-মোট ব্যয়

= TR - TC

= (P X Q)-(AC X Q)

= (20 X 50)-(15 X 50)

= 1000-750


= 250 একক

সূতরাং, উদ্দীপকের ফার্মটির অস্বাভাবিক মুনাফা ২৫০ একক।

**১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)**

উদ্দীপকে AC রেখা F বিন্দু দিয়ে অতিক্রম করলে ফার্মটি ক্ষতির সম্মুখীন হবে।

P<AC হলে ফার্ম ক্ষতির সম্মুখীন হয়।




মোট আয় TR = P X Q

= 20 X 50

= 1000

মোট ব্যয় TC = AC X Q

= 25 X 50

= 1250

মুনাফা = TR-TC

= 1000-1250

= -250

বিবেচ্য ফার্মটি ক্ষতির সম্মুখীন হবে ২৫০একক।

এক্ষেত্রে যদি ফার্মের AVC অর্থ্যাৎ গড় পরিবর্তনশীল ব্যয় অপেক্ষক দাম অর্থ্যাৎ P বেশি হয়, অর্থ্যাৎ P>AVC হলে ফার্ম দীর্ঘকালে মুনাফা লাভের আশায় উৎপাদন চালিয়ে যাবে। কিন্তু P<AVC হলে উৎপাদন বন্ধ করে দিবে।

## বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম


২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০২

একটি ফার্মের প্রাথমিক গড় ব্যয় রেখা হলো AC। পরবর্তীতে ফার্মটির গড় ব্যয় রেখা হয় $AC_1$।




ক. ফার্ম কি? ১

খ. অলিপোপলি বাজারের ধারনা দাও ২

গ. প্রাথমিক অবস্থায় ফার্মটির ভারসাম্য উৎপাদন ও মুনাফার পরিমাণ নির্ণয় কর ৩

ঘ. গড় ব্যয় রেখা, হলে ফার্মের মুনাফার কী রূপ পরবর্তন হয় এবং AVC<P হয় সেক্ষেত্রে উৎপাদন সিদ্ধান্তটি কি হবে? বিশ্লেষন কর। ৪

**১নং প্রশ্নের উত্তরঃ (ক)**

একই ব্যবস্থাপনায় পরিচালিত একটি নির্দিষ্ট দ্রব্য উৎপাদনকারী একক প্রতিষ্ঠান

**১নং প্রশ্নের উত্তরঃ (খ)**


যে অপূর্ন প্রতিযোগিতার বাজারে মুষ্টিমেয় কয়েকজন বিক্রেতা বা ফার্ম সমজাতীয় বা পৃথকীকৃত দ্রব্য উৎপাদন করে তাকে অলিগোপলি বাজার বলে।

এই বাজারে ২ এর অধিক কিন্তু ১০ জন পর্যন্ত বিক্রেতা থাকে। ফার্ম সমূহের মধ্যে সিদ্ধান্ত গ্রহনের পারস্পরিক নির্বরশীলতা থাকায় স্বল্প ফার্মের মধ্যে প্রতিযোগিতা বিদ্যমান। এ বাজারে দ্রব্যের দামও উৎপাদন নির্ধারনের ক্ষেত্রে ফার্ম সমূহের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা সৃষ্টি হয়। মুনাফা সর্বাধিক করার জন্য কয়েকটি ফার্ম দলীয়গত ভাবে চুক্তিমাফিক উৎপাদন কাজ পরিচালনা করতে পারে এই বাজারে নিজ দ্রব্যের ক্রেতাদের ধরে রাখতে দ্রব্যের গুনাগুন প্রচারে বিজ্ঞাপনের আশ্রয় নেয়।

যেমন- মোবাইলের বাজার, সিমেন্টের বাজার ইত্যাদি।

## ১নং প্রশ্নের উত্তরঃ (গ)

প্রাথমিক অবস্থায় পূর্ন প্রতিযোগিতা মূলক ফার্মটির অস্বাভাবিক মুনাফা অর্জিত হয়। আমরা জানি, $P>AC$ হলে অস্বাভাবিক মুনাফা অর্জিত হয়। পুর্ন প্রতিযোগিতা মুলক অর্জিত হয়। পূর্ন প্রতিযোগিতামূলক ফার্মে যে বিন্দুতে $MR=MC$ হয় এবং MR এর ঢাল $<MC$ এর ঢাল হয় সেই বিন্দুতে ভারসাম্য উৎপাদন এবং ভারসাম্য দাম পাওয়া যায়।




ধরি,

চিত্রে, E বিন্দুতে ভারসাম্য অর্জনের ২টি শর্ত পালিত হয়। এ অবস্থায় উৎপাদনের পরিমাণ ২০ একক এবং ভারসাম্য দাম ১৪ টাকা এবং ফার্মটির গড় ব্যয় ১১ টাকা। ফলে,

মোট আয় TR = P X Q
= 20 X 14
= 280


মোট ব্যয়, TC = AC X Q
= 11 X 20
= 220

মুনাফা = (TR-TC)
= 280-220
= 60 টাকা।

[বি.দ্রঃ এই প্রশ্নের উত্তর জ্যামিতিকভাবে অর্থ্যাৎ সংখ্যা ব্যতীত ও করা যায়। তবে সংখ্যা ধরে নিয়ে করেছি ছাত্র ছাত্রীদের সুবিধার জন্য]

## ১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)

ফার্মটির গড় ব্যয় রেখা $AC_1$ হলে ফার্মটি লোকসানের সম্মুখীন হবে। যেহেতু $P<AC_1$ তাই ফার্মের ক্ষতি হবে।




চিত্রে, AC রেখা স্থানান্তরিত হয়ে $AC_1$ হওয়ায় গড় ব্যয় বেড়ে হয় ১৯ টাকা।

সূতরাং মোট আয় TR = P X Q
= 14 X 20
= 280

মোট ব্যয় TC = $AC_1$ X Q
= 19 X 20
= 380

মুনাফা = TR-TC
= 280-380
= -100

ফার্মটি ১০০ টাকা ক্ষতির সম্মুখীন হবে।

এক্ষেত্রে যদি P>AVC হয় অর্থ্যাৎ চিত্রে AVC = ১১ হলে স্বল্পকালে মোট ব্যয় TC অর্থ্যাৎ ৩৮০ টাকা না তোলা গেলেও TVC এর সম্পুর্ন টা ২২০ এবং TFC এর অংশবিশেষ তোলা সম্ভব। তাই ফার্ম উৎপাদন চালিয়ে যাবে।

চিত্রে,

TC = AC X Q
= 19 X 20
= 380

TVC = AVC X Q
= 11 X 20
= 220

TFC = TC-TVC
= 380-220
= 160

যেহেতু ক্ষতি ১০০ টাকা এক্ষেত্রে উৎপাদন চালিয়ে গেলেও TFC এর একটা অংশ ৬০ উঠে আসে বাকী ১০০ টাকা ক্ষতি হয়।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৩

‘ক’ বাজারে ফার্মের সংখ্যা ১০ এর অধিক এবং বিক্রেতা ব্রান্ডের মাধ্যমে দ্রব্য পৃথকীকরনের চেষ্টা করে।
‘খ’ বাজারে সমজাতীয় দ্রব্য ক্রয়-বিক্রয় হয়। এ বাজার কে দাম গ্রহীতা বলে।

ক. মনোপসনি বাজার কী? ১
খ. অতি স্বল্পকালীন বাজারে শুধু চাহিদার উপর দাম নির্ধারিত হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে ‘ক’ বাজারটির ধরন চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের ‘খ’ বাজারটির দাম স্থির থাকে কেন? বিশ্লেষন কর। ৪

**১নং প্রশ্নের উত্তরঃ (ক)**

যে বাজারে ক্রেতার সংখ্যা একজন কিন্তু বিক্রেতার সংখ্যা অসংখ্য থাকে তাকে মনোপসনি বাজার বলে।

**১নং প্রশ্নের উত্তরঃ (খ)**

যে বাজারে দ্রব্যের ক্রয় বিক্রয় অতি স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন হয় তাকে অতি স্বল্পকালীন বাজার বলে। এ ধরনের বাজারে পচনশীল বা অস্থায়ী দ্রব্য ক্রয়-বিক্রয় হয়। যেমন মাছ, দুধ, শাক সবজি এই বাজারের স্থায়িত্ব কয়েক ঘন্টা বা কয়েক দিন হয়।

এ বাজারে যোগানের পরিমাণ বৃদ্ধি করা যায় না। তাই চাহিদার পরিবর্তনে দামের পরিবর্তন ঘটে।

**১নং প্রশ্নের উত্তরঃ (গ)**

‘ক’ বাজারটি হলো একচেটিয়া প্রতিযোগিতামুলক বাজার।

যে বাজারে বহুসংখ্যক বিক্রেতা সমজাতীয় অথচ পৃথকীকৃত দ্রব্যসামগ্রী বিক্রয় করে তাকে একচেটিয়া প্রতিযোগিতার বাজার বলে। যেমন- বিভিন্ন রকম টুথপেস্ট, সাবান, ইত্যাদি।

- এ পর্যায়ে একচেটিয়া প্রতিযোগিতার  বৈশিষ্ট্য লিখবে। যেমন দ্রব্যের প্রকৃতি, ফার্মের প্রবেশাধিকার, বিজ্ঞাপন, স্বাধীন দামনীতি।
- উদ্দীপকের সাথে বৈশিষ্ট্যের মিল আছে বিধায় আমরা এটাকে একচেটিয়া প্রতিযোগিতার বাজার বলতে পারি।

**১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)**

'খ' বাজারটি হলো পূর্ন প্রতিযোগিতামুলক বাজার।

- যে বাজারে অসংখ্যা ক্রেতা বিক্রেতা সমজাতীয় পন্য একটি নির্দিষ্ট দামে ক্রয় বিক্রয় করে
- পুর্ন প্রতিযোগিতামুলক বাজারের বৈশিষ্ট্য লিখবে
- উদ্দীপকের সাথে এ বাজারের বৈশিষ্ট্যের মিল রয়েছে। তাই এটা পুর্ন প্রতিযোগিতার বাজার
- এ পর্যায়ে পূর্ন প্রতিযোগিতা মূলক বাজার কে কেন দাম গ্রহীতা বলে তা ব্যাখ্যা করতে হবে। দাম গ্রহীতা বলেই দাম স্থির থাকে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৪

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় (TFC) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) |
|---|---|---|
| ১ | ১৫ | ৫ |
| ২ | ১৫ | ১১ |
| ৩ | ১৫ | ১৫ |
| ৪ | ১৫ | ৩৩ |
| ৫ | ১৫ | ৬০ |

ক. অর্থনীতিতে উৎপাদন কী? ১

খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে TC নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক হতে AC রেখা অংকন করে এর আকৃতির উপর মন্তব্য কর। ৪

**১নং প্রশ্নের উত্তরঃ (ক)**

যে প্রক্রিয়ার মাধ্যমে প্রকৃতিতে বিদ্যমান সম্পদকে কাজে লাগিয়ে তার রূপ আকার আকৃতি পরিবতন করে নতুনভাবে উপযোগ বৃদ্ধি করা যায় তাকে উৎপাদন বলে।

**১নং প্রশ্নের উত্তরঃ (খ)**

দীর্ঘকাল হচ্ছে এমন একটি সময়কাল যে সময় কালে উৎপাদনের সকল উপকরণ পরিবর্তন করা যায়। স্বল্পকালে স্থির ব্যয় ও পরিবর্তনশীল ব্যয় উভয়ই থাকে। কিন্তু দীর্ঘকালে স্থির ব্যয় শুন্য ধরা হয়। কারণ দীর্ঘকালে স্থির উপকরণ যেমনঃ কারখানার ভাড়া, শ্রমিকের বেতন ইত্যাদির জন্য ব্যয় উৎপাদনের পরিমান পরিবর্তন করার সাথে সাথে পরিবর্তন করা যায়।

**১নং প্রশ্নের উত্তরঃ (গ)**

একটি নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পরিমান দ্রব্য উৎপাদনের ব্যবহৃত পরিমান দ্রব্য উৎপাদনের জন্য যে খরচ হয় তাকে মোট খরচ বলে।

স্বল্পকালে মোট খরচ ২ ধরনের স্থির ব্যয় ও পরিবর্তনশীল ব্যয়। দীর্ঘকালে সকল উপকরণ পরিবর্তনশীল বলে স্থির খরচ বলতে কিছুই থাকে না। শুধু পরিবর্তনশীল ব্যয় থাকে।

স্বল্পকালে মোট স্থির ব্যয় (TFC) ও মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) যোগ করে মোট খরচ TC পাওয়া যায়।

উদ্দীপকের আলোকে নির্ণয় করা হলো-


| Q | TFC | TVC | TC=TFC+TVC |
|---|---|---|---|
| ১ | ১৫ | ৫ | ২০ |
| ২ | ১৫ | ১১ | ২৬ |
| ৩ | ১৫ | ১৫ | ৩০ |
| ৪ | ১৫ | ৩৩ | ৪৮ |
| ৫ | ১৫ | ৬০ | ৭৫ |

**১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)**

কোনো দ্রব্য উৎপাদনের মোট খরচকে মোট উৎপাদনের পরিমাণ দ্বারা ভাগ করলে AC পাওয়া যায়।

$$AC = \frac{TC}{Q}$$

| Q | TC | $AC = \frac{TC}{Q}$ |
|---|---|---|
| ১ | ২০ | ২০ |
| ২ | ২৬ | ১৩ |
| ৩ | ৩০ | ১০ |
| ৪ | ৪৮ | ১২ |
| ৫ | ৭৫ | ১৫ |




চিত্রঃ ‘U’ আকৃতির AC রেখা।

চিত্রে, ১,২,৩,৪,৫ একক উৎপাদনে প্রাপ্ত গড় ব্যয় যথাক্রমে ২০,১৩,১০,১২ এবং ১৫ টাকা যা চিত্রে a,b,c,d ও e বিন্দু দ্বারা নির্দেশিত। এই বিন্দুগুলো যোগ করে AC রেখা পাওয়া যায়। যা ইংরেজি বর্ন U এর মতো।

- এই পর্যায়ে AC রেখা কেন U এর মত হয় বই থেকে লিখে নিবে।
  (মুলত উৎপাদন বৃদ্ধির সাথে প্রথমে AC হ্রাস পায় পরবর্তীতে বৃদ্ধি পাওয়ার কারণে U আকৃতির হয়)

## বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৫

| উৎপাদন (Q) | মোট ব্যয় (TC) |
|---|---|
| ১ | ৫ |
| ২ | ৮ |
| ৩ | ৯ |
| ৪ | ১২ |
| ৫ | ২০ |

ক. উৎপাদন অপেক্ষক কী? ১

খ. একচেটিয়া বাজারে AR ও MR সমান হয় না কেন? ২

গ. প্রদত্ত সূচি হতে MC নির্ণয় কর। ৩

ঘ. উৎপাদনের সকল স্তরে AC ও MC সমান থাকে কীনা চিত্র অংকন পূর্বক AC ও MC এর সম্পর্ক উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**১নং প্রশ্নের উত্তরঃ (ক)**

উৎপাদনের সাথে উৎপাদনের উপকরণ সমূহের নির্ভরশীলতার গানিতিক প্রকাশ কে উৎপাদন অপেক্ষক বলে।

**১নং প্রশ্নের উত্তরঃ (খ)**

যে বাজারে একজন মাত্র বিক্রেতা থাকে, উৎপাদিত দ্রব্যের কোনো নিকট বিল্প থাকে না তাকে একচেটিয়া বাজার বলে।

এই বাজারে ফার্ম পন্যের দামের উপর একক প্রভাব বিস্তার করে। দাম পরিবর্তন করে যোগান হ্রাস বা বৃদ্ধি করতে পারে। যার ফলে MR ও AR সমান হয় না। বরং AR>MR হয়। মোট আয় বৃদ্ধি করার লক্ষে দাম কমরালে AR ও MR উভয়ই হ্রাস পায়। তবে AR যে হারে হ্রাস পায় MR তার চেয়ে বেশি হারে হ্রাস পায়। তাই উভয় রেখা নিম্নগামী হলেও MR, AR এর নিচে অবস্থান করে।

## ১নং প্রশ্নের উত্তরঃ (গ)

মোট উৎপাদন এক একক পরিবর্তনের ফলে মোট ব্যায়ের যে পরিবর্তন হয় তাকে প্রান্তিক ব্যায়ের যে পরিবর্তন হয় তাকে প্রান্তিক ব্যয়, MC বলে।

আমরা জানি,

$$MC = \frac{\Delta TC}{\Delta Q}$$

উদ্দীপকে

$$MC_2 = \frac{TC_2 - TC_1}{Q_2 - Q_1}$$
$$= \frac{8-5}{2-1}$$
$$= 3$$

এভাবে প্রাপ্ত   সমূহ সূচিতে দেখানো হলোঃ

উদ্দীপকের আলোকে MC নির্নয় করা হলো-

| Q | TC | MC |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৮ | ৩ |
| ৩ | ৯ | ১ |
| ৪ | ১২ | ৩ |
| ৫ | ২০ | ৮ |

## ১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)

উৎপাদনের সকল স্তরে গড় ব্যয় ও প্রান্তিক ব্যয় সমান থাকে না।

কোন দ্রব্যের প্রতি একক দ্রব্য উৎপাদন করতে যে ব্যয় হয় তাকে গড় ব্যয় বলে এবং কোনো দ্রব্যের এক একক অতিরিক্ত উৎপাদনে মোট ব্যায়ের পরিবর্তন কে প্রান্তিক ব্যয় বলে। এই দুই ব্যায়ের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক বিদ্যমান।

AC=MC হয়  AC>MC হয় আবার AC<MC হয়।

| Q | TC | MC | AC = $\frac{TC}{Q}$ |
|---|---|---|---|
| ১ | ৫ | ৫ | ৫ |
| ২ | ৮ | ৩ | ৪ |
| ৩ | ৯ | ১ | ৩ |
| ৪ | ১২ | ৩ | ৩ |
| ৫ | ২০ | ৮ | ৪ |

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ১ম পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৬

করিমের ফার্মে ১টি মেশিন ও ১০ জন শ্রমিক নিয়োজিত আছে। যদি ফার্মটি অধিক উৎপাদনের জন্য ৪টি মেশিন ও ৪০ জন শ্রমিক নিয়োগ করে তবে ফার্মের উৎপাদন বাড়ে প্রায় ৪ গুন।

অন্যদিকে, রহিমের খামারে শুধু শ্রমের নিয়োগ বাড়িয়ে প্রাপ্ত মোট উৎপাদনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| শ্রম(২) | ১ | ২ | ৩ | ৪ |
| মোট উৎপাদন (Q) | ৪ | ১০ | ১৪ | ১৭ |

ক. উৎপাদনের উপকরণ গুলো কী কী? ১

খ. মোট স্থির ব্যয় রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয় কেন? ২

গ. উদ্দীপকে করিমের খামারে উৎপাদনের কোন বিধিটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রহিমের খামারে প্রযোজ্য বিধিটির কৃষিক্ষেত্রে কার্যকারিতা বিশ্লেষন কর। ৪

### ১নং প্রশ্নের উত্তরঃ (ক)

ভূমি, শ্রম, মুলধন, সংগঠন।

### ১নং প্রশ্নের উত্তরঃ (খ)


উৎপাদন কাজে ব্যবহৃত স্থির উপকরনের জন্য স্বল্পকালে যে খরচ বহন করতে হয় তাকে TFC বলে। যেমন করখানার ভাড়া, স্থায়ী কর্মচারীদের বেতন ইত্যাদি। উৎপাদনের পরিমন যতই হোক না কেন ঐ ব্যয়গুলো বহন করতেই হয়। উৎপাদন শুন্য হলেও এদের কোনরূপ পরিবর্তন হয় না।

TFC স্থির থাকার কারণে TFC রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয়।

### ১নং প্রশ্নের উত্তরঃ (গ)

স্থির মাত্রাগত উৎপাদন বিধি-

- এই পর্যায়ে স্থির মাত্রাগত উৎপাদন কাকে বলে লিখতে হবে।
- কেন স্থির মাত্রাগত উৎপাদন লিখতে হবে। এক্ষেত্রে প্রথমে মাত্রাগত উৎপাদন বিধি কেন তা লিখতে হবে এবং চিত্রের ব্যাখ্যা দিতে হবে।




- চিত্রের ব্যাখ্যা বই থেকে লিখবে।


**১নং প্রশ্নের উত্তরঃ (ঘ)**

ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি

- এই পর্যায়ে বিধিটি লিখবে।
- MP নির্ণয় করবে

| Q | TP | MP |
|---|---|---|
| ১ | ৪ | ৪ |
| ২ | ১০ | ৬ |
| ৩ | ১৪ | ৪ |
| ৪ | ১৭ | ৩ |

- চিত্র অংকন করতে হবে, চিত্রের ব্যাখ্যা লিখতে হবে।




- এই পর্যায়ে কৃষি ক্ষেত্রে বিধিটি বেশি কার্যকর কেন ব্যাখ্যা করতে হবে।